বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর

Bangladesh Rice Research Institute, Gazipur

Phone : 49272005-14, Fax: 8802 -49272000 E-mail: brrihq@yahoo.com

Website: www.brri.gov.bd

নং-এ-৮৫২(২)/১৬/২২৭ তারিখঃ ১৯/০১/২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি নং-১৩(২০১৬-২০১৭)

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর রাজস্ব বাজেটভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

ক্রঃ নং	পদের নাম ও বেতনস্কেল/১৫	পদের সংখ্যা	০৯/০২/১৭ তারিখে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ যোগ্যতা	যে সব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	পিএস টু ডিজি টাঃ ১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১০	১(এক)টি	৩০বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ সাঁটলিপি ও অফিস ব্যবস্থাপনার কাজে অন্যূন ৫(পাঁচ) বৎসরসহ কম্পিউটার চালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।	সকল জেলা
২	টেলিফোন অপারেটর কাম রিসিপশনিষ্ট টাঃ ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪	১(এক)টি	৩০বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ পিএবিএক্স পরিচালনায় অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা এবং বাংলা ও ইংরেজিতে ভাল জ্ঞান থাকা আবশ্যক।	ঢাকা, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, ফরিদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, চাঁদপুর, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, বগুড়া, জয়পুরহাট, দিনাজপুর, পঞ্চগড়, রংপুর, নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা, খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, মেহেরপুর, ভোলা, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা। তবে সরকারি/বেসরকারি স্বীকৃত এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৩	ইলেকট্রিশিয়ান টাঃ ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১(এক)টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেডকোর্স সনদপ্রাপ্তসহ বৈদ্যুতিক লাইন সংযোগ, মেরামত ও স্থাপনের কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।	
৪	লাইব্রেরী এ্যাটেনডেন্ট টাঃ ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	১(এক)টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণঃ তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন।	
৫	এমএলএসএস টাঃ ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	২(দুই) টি	৩০বৎসর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণঃ তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন।	

আবেদনের শর্তাবলীঃ

১। আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর ১৭০১ এর বরাবরে আগামী ০৯-০২-২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ারে অবশ্যই পৌঁছাতে হইবে। সরাসরি বা হাতে হাতে অথবা নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।

২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদন ফরমটি ব্রি ওয়েবসাইটে www.brri.gov.bd এ প্রথম পাতায় পাওয়া যাইবে।

৩। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং উপরে উল্লিখিত জেলার স্থায়ী বাসিন্দা হইতে হইবে।

৪। আবেদনপত্রের সাথে স্পষ্ট/পঠনযোগ্য নামযুক্ত সীলমোহর সম্বলিত প্রথম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করিয়া নিম্নবর্ণিত কাগজপত্রাদি প্রেরণ করিতে হইবেঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মুল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি;

(খ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি;

(গ) ১ম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(ঙ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম সনদের সত্যায়িত ফটোকপি;

(চ) অভিজ্ঞতার সনদের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত ফটোকপি;

(ছ) (১) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হইলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬.০২.২০০২ তারিখের মু:বি:ম:/সনদ-১/প্র-১/২০০২/০২নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা ১৯৯৭ হইতে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সনদপত্রের ২টি সত্যায়িত কপি অবশ্যই জমা দিতে হইবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা সনদধারীর জন্ম তারিখ সংবলিত এসএসসি বা সমমানের সনদ/এসএসসি বা সমমান পরীক্ষায় পাস না হইলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সার্টিফিকেট/জন্মতারিখ সংবলিত প্রামাণিক দলিল এবং মুক্তিবার্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপি সনদের সঙ্গে দাখিল করিতে হইবে। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর মুক্তিযোদ্ধা সনদধারীর জন্মতারিখ এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে হাতে লিখিতে হইবে;

(২) উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং তাঁদের পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র-কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হইবেন;

(জ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হইলে সেই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ২টি সত্যায়িত কপি;

(ঝ) মহিলা, এতিম, প্রতিবন্ধী ও উপজাতি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

৫। আবেদনপত্রের খামের উপরের ডান পার্শ্বে পদের নাম, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং নিজ জেলার নাম উল্লেখ করিতে হইবে।

৬। ক্রমিক নং ১ বর্ণিত পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা এবং ক্রমিক নং ২-৫ এ বর্ণিত পদের জন্য ১০০/-(একশত) টাকার অফেরৎযোগ্য পোষ্টাল অর্ডার মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর এর অনুকূলে সংযুক্ত করিতে হইবে।

৭। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

৮। প্রার্থীর বয়স ০৯ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার এবং প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ ৩২বছর; তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা এর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩০ বছর) হইতে হইবে। বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

৯। সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে এবং অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।

১০। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ ও নিয়োগ বিজ্ঞপ্তিতে ঘোষিত শেষ তারিখের পর প্রাপ্ত আবেদন পত্র কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল বলিয়া গণ্য হইবে।

১১। প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হইবে।

১২। প্রার্থীর মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে এবং লিখিত/মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার জন্য ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হইবে না।

১৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান প্রযোজ্য সকল বিধি-বিধান অনুসরণ করা হইবে এবং কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করিবার অধিকার সংরক্ষণ করিবেন।

১৪। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৯/১/১৭

(এমরান হোসেন)
উপ-পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা)
মহাপরিচালকের পক্ষে